গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা

স্মারক নং ঃ ০৫.৪২.১৯৩৩.০০.০০.০১২.২০২০-৬৮০ তারিখ ঃ ২৯ জুন, ২০২০খ্রিঃ

## অস্থায়ী পশুর হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের ও আগ্রহী দর দাতাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের অনুমোদন স্বাপেক্ষে, আসন্ন পবিত্র ঈদ-উল আযহা ২০২০ উপলক্ষে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলাধীন নিম্নলিখিত অস্থায়ী গরু ছাগলের হাট ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ইজারাদার/ব্যক্তির নিকট হতে শর্তসাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম আগামী ৫৫/০৭/২০১৯খ্রিঃ তারিখ সকাল ৯ঃ০০ ঘটিকা হতে বেলা ৫ঃ০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিস ও জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা, সহকারী কমিশনার(ভূমি),কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা এর কার্যালয় এবং কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা হতে বাজারের পার্শ্বে উল্লেখিত অফেরৎ যোগ্য মূল্যে দরপত্র ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখ সকাল ৯ঃ০০ ঘটিকা হতে বেলা ১ঃ০০ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। প্রাপ্ত দরপত্র সমূহ ঐ দিন বেলা ২ঃ০০ টার সময় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

| ক্রঃ নং | অস্থায়ী হাট-বাজারের নাম | কাংক্ষিত সরকারী মূল্য | ১ম পর্যায়ে দরপত্র দাখিলের তারিখ ১২/০৭/২০২০ | ২য় পর্যায়ে দরপত্র দাখিলের তারিখ ১৬/০৭/২০২০ | ৩য় পর্যায়ে দরপত্র দাখিলেরতারিখ ২০/০৭/২০২০ | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | পিপুলিয়া অস্থায়ী গরু ছাগলের হাট। | ৪,০২০/- | " | " | " | ৫০০/- |
| ০২ | লক্ষীপুর চৌমুহনী অস্থায়ী পশুর হাট। | ৭০,০৪৫/- | " | " | " | ৫০০/- |
| ০৩ | বেলতলী অস্থায়ী গরু ছাগলের হাট। | ১,৩৪,৪৬৫/- | " | " | " | ১,২০০/- |
| ০৪ | বিজয়পুর অস্থায়ী গরু ছাগলের হাট। | ১,০৭৯৫/- | " | | | ৫০০/- |
| ০৫ | চাঁদপুর অস্থায়ী গরু ছাগলের হাট। | ৪১,২০০/- | " | " | " | ৫০০/- |
| ০৬ | কালিরবাজার অস্থায়ী গরু ছাগলের হাট। | ৭,৩০০/- | " | " | " | ৫০০/- |
| ০৭ | কনেশতলা অস্থায়ী গরু ছাগলের হাট। | ৪,১৯০/- | " | " | " | ৫০০/- |
| ০৮ | মথুরাপুর অস্থায়ী গরু ছাগলের হাট। | ১,৮২০/- | " | " | " | ৫০০/- |
| ০৯. | রামধনপুর অস্থায়ী গরু ছাগলের হাট। | ২,৩৮৫/- | " | " | " | ৫০০/- |
| ১০ | লালবাগ অস্থায়ী গরু ছাগলের হাট। | ৬,১১০/- | " | " | " | ৫০০/- |
| ১১ | কোটবাড়ীমূড়া অস্থায়ী গরু ছাগলের হাট। | ৭,৫০০/- | " | " | " | ৫০০/- |
| ১২ | যশপুর অস্থায়ী গরু ছাগলের হাট। | ৬,৬৯৫/- | " | " | " | ৫০০/- |
| ১৩ | সুয়াগঞ্জ অস্থায়ী গরু ছাগলের হাট।<br>(সংলগ্ন কৃষ্ণপুর মৌজার পরিত্যাক্ত সড়কের পার্শ্বে) | ৪৩,৯১০/- | " | " | " | ৫০০/- |
| ১৪ | একবালিয়া অস্থায়ী গরু ছাগলের হাট। | ৫,৬৭৫/- | " | " | " | ৫০০/- |
| ১৫ | কৃষ্ণপুর অস্থায়ী গরু ছাগলের হাট। | ৬২,৮৫০/- | " | " | " | ৫০০/- |
| ১৬ | আদিনামুড়া অস্থায়ী গরু ছাগলের হাট। | ৬,৬৫০/- | " | " | " | ৫০০/- |
| ১৭ | দূর্গাপুর অস্থায়ী গরু ছাগলের হাট। | ১২,৩১০/- | " | " | " | ৫০০/- |
| ১৮ | চেম্বারবাজার অস্থায়ী গরু ছাগলের হাট। | ৫,৬৭৫/- | " | " | " | ৫০০/- |
| ১৯ | রতনপুর অস্থায়ী গরু ছাগলের হাট। | ১২,৮১৫/- | " | " | " | ৫০০/- |
| ২০ | উত্তর গোপালনগর অস্থায়ী গরু ছাগলের হাট। | ১৫,১৪০/- | " | " | " | ৫০০/- |

০১। দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ১০০% অর্থ (সমুদয়), ভ্যাট ১৫%, আয়কর ৫%, জামানত ৫% সহ মোট ১২৫% অর্থ ব্যাংক ড্রাফ এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে।
০২। কৃতকার্য দরদাতাকে উদ্বৃত্ত মূল্যের অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) জমা দিতে হবে।
০৩। এই ইজারা পবিত্র ঈদ-উল আযহা ২০২০ এর দিন পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভাবে কৃতকার্য দরদাতাকে নিজ ব্যবস্থাপনায় গরু/ছাগলের হাট বসাতে হবে। হাটের জায়গা বা অন্যান্য বিষয়ে কোন আপত্তি বা আইন শৃংখলা বিঘ্ন ঘটানো যাবেনা এবং এ জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।
০৪। সরকারী বিধি বা রেট অনুযায়ী টোল আদায় করতে হবে এবং সরকারী কর্মকর্তাদের পরিদর্শনের সুবিধা রাখতে হবে।
০৫। হাট বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং গরু/ছাগলের ক্রেতা ও বিক্রেতাদের নিরাপত্তা বিধান করতে হবে।
০৬। গরু/ছাগলের এবং কোরবানীর পশু ছাড়া অন্যান্য মালামাল বা যানবাহনের নিকট থেকে কোন টোল আদায় করতে পারবে না।
০৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
০৮। গরু/ছাগলের হাট-বাজার বসানো সম্পন্ন হওয়ার পর ইজারাদারগণ সংশ্লিষ্ট হাট পরিষ্কার পরিচ্ছন্ন করবেন। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৯। কোন অবস্থাতেই শিক্ষাপ্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন ও সড়ক/মহাসড়কের সন্নিকটে অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।
১০। প্রত্যেক পর্যায়ে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র ক্রয় করা যাবে।

২৯/০৬/২০২০

মিয়া মোহাম্মাদ কেয়ামউদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা

স্মারক নং ঃ ০৫.৪২.১৯৩৩.০০.০০.০১২.২০১৯-৬৮০/১(৬০) তারিখ ঃ ২৯ জুন, ২০২০খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, কুমিল্লা।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৩। সহকারী কমিশনার(ভূমি),কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৪। উপজেলা ....................................অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৫। অফিসার ইনচার্জ, কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা।

উপরোক্ত বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে লটকাইয়া জারীর জন্য অনুরোধ করা হলো।

০৬। চেয়ারম্যান ..................ইউনিয়ন পরিষদ(সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাঁর ইউনিয়নে মাইক যোগে ব্যাপক প্রচারের ব্যবস্থাগ্রহণের গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ......................(সকল) কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। সংশ্লিষ্ট এলাকায় মাইক যোগে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। সম্পাদক ..............................উপরোক্ত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় স্বল্প পরিসরে আগামী ....................তারিখের মধ্যে ০১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৯। নোটিশ বোর্ড.....................(সকল) অফিস।

২৯/০৬/২০২০

মিয়া মোহাম্মাদ কেয়ামউদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা